জীবনের জন্য যাকাত

দরিদ্র থ্যালাসিমিয়া রোগীদের চিকিৎসার্থে যাকাত দান করুন

০১৭৫৫ ৫৮৭ ৪৭৯

থ্যালাসিমিয়া ফাউন্ডেশন হাসপাতাল

৩০ চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা-১২১৭
ফোন: ০২ ৮৩৩২৪৮১, ০২ ৪৮৩১৬১১৬
ওয়েব: www.thals.org, ইমেইল: info@thals.org

থ্যালাসিমিয়া কি?

থ্যালাসিমিয়া একটি মারাত্মক বংশগত রোগ। এ রোগে আক্রান্ত শিশুরা তীব্র রক্ত স্বল্পতায় ভোগে এবং প্রতি মাসে ১ থেকে ২ ব্যাগ রক্ত গ্রহণ করে বেঁচে থাকে। রক্ত গ্রহণের ফলে রোগীদের শরীরের গুরুত্বপূর্ণ অঙ্গে ক্ষতিকর আয়রন জমা হয়। তাই রক্ত গ্রহণের পাশাপাশি থ্যালাসিমিয়া রোগীদের নিয়মিত লৌহ নিষ্কাষক ঔষধ খেতে হয়।

থ্যালাসিমিয়া রোগের চিকিৎসা অত্যন্ত ব্যয়বহুল। একটি শিশুর মাসিক চিকিৎসা-ব্যয় ন্যূনতম ৫০০০ টাকা। কোন দরিদ্র পরিবারের পক্ষে এই ধরণের ব্যয়ভার বহন করা অসম্ভব। তাই বেশীরভাগ সময়ই এসকল রোগীরা আংশিক চিকিৎসা পেয়ে থাকে।

চিকিৎসার জন্য কি যাকাত দান করা যায়?

যাকাত ইসলামের পাঁচটি মূল স্তম্ভের একটি। এটি একটি আর্থিক ইবাদত যার মাধ্যমে সম্পদশালী ব্যক্তির সম্পদের একটি নির্দিষ্ট অংশ অভাবগ্রস্ত ও সাধারণ জনগণের কল্যাণের জন্য ব্যয় করা হয়।

যাকাত বিতরণের নিয়ম অনুযায়ী যারা মিসকিন, অর্থাৎ বার্ধক্য, রোগ, অক্ষমতা ও পঙ্গুত্বের কারণে যারা যথেষ্ট উপার্জন করতে পারেন না তারা যাকাত গ্রহণ করতে পারেন।

কেন থ্যালাসিমিয়া রোগীদের জন্য যাকাত দান করবেন?

দরিদ্র রোগীরা অর্থাভাবে চিকিৎসা নিতে না পেরে অনেক সময় অসুস্থ হয়ে পড়ে। আপনার দান করা যাকাতের অর্থ ব্যবহার করে এই রোগীদের চিকিৎসা করা সম্ভব। যথাযথ চিকিৎসা পেলে থ্যালাসিমিয়া রোগীরা সুস্থ ও স্বাভাবিক জীবন যাপন করে। তাই জীবন বাঁচাতে যাকাত দান করুন।

বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশনের কার্যক্রম

বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন থ্যালাসিমিয়া রোগীদের সাহায্য ও সহযোগিতা করার জন্য একটি অলাভজনক প্রতিষ্ঠান। থ্যালাসিমিয়া রোগীদের চিকিৎসা এবং জীবনমান উন্নয়নের জন্য আমরা ২০০২ সাল থেকে নিরলসভাবে কাজ করে যাচ্ছি।

ঢাকার শান্তিনগরে থ্যালাসিমিয়া রোগীদের জন্য আমাদের একটি বিশেষায়িত হাসপাতাল রয়েছে। আমরা প্রতি মাসে প্রায় ১,০০০ থ্যালাসিমিয়া রোগীকে চিকিৎসা সেবা প্রদান করি।

আমরা কিভাবে যাকাত সংগ্রহ করি?

দরিদ্র থ্যালাসিমিয়া রোগীদের চিকিৎসায় সাহায্য করার জন্য আমরা ২০০৮ সাল থেকে যাকাত সংগ্রহ শুরু করি।

প্রতিবছর রমজান মাসে আমরা আমাদের পৃষ্ঠপোষক, দাতা, সমর্থক ও শুভাকাঙ্ক্ষীদের কাছে যাকাতের আবেদন করি। এছাড়া আমরা ফেসবুক, এস.এম.এস এবং চিঠি পাঠিয়ে ফাউন্ডেশনের যাকাত ফান্ডে দান করার জন্য প্রচার করি।

যাকাত হতে প্রাপ্ত অর্থ একটি সুদমুক্ত ব্যাংক হিসাবে জমা রাখা হয়।

কিভাবে যাকাত বিতরণ করা হয়?

দরিদ্র রোগী যারা চিকিৎসার ব্যয়ভার বহন করতে অক্ষম তারা যাকাত তহবিল হতে সাহায্যের জন্য আবেদন করেন। এই আবেদন কর্মরত ডাক্তার এবং নার্স যাচাই বাছাই করে অনুমোদনের জন্য পেশ করেন। অনুমোদনের পর রোগীরা যাকাত তহবিল থেকে চিকিৎসার জন্য প্রতি মাসে টাকা বরাদ্দ পান। গত পাঁচ বছরে যাকাত গ্রহীতার সংখ্যা উত্তরোত্তর বেড়েছে।

কিভাবে যাকাত প্রদান করবেন?

আমাদের যাকাত ফান্ডে দান করার জন্য নানা উপায় রয়েছে। আপনার সুবিধামত উপায়ে যাকাত পাঠিয়ে আমাদের জানাবেন। আমরা প্রাপ্তি স্বীকার করব এবং আপনাকে মানি রিসিট প্রদান করব।

ব্যাংক একাউন্ট

আপনি আমাদের ব্যাংকে টাকা জমা দিতে পারেন বা অনলাইন ফান্ড ট্রান্সফার করতে পারেন।

বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন (যাকাত ফান্ড)
একাউন্ট নং- **১০০৭২৭৬২৯৩০০১**
আই.এফ.আই.সি ব্যাংক
শান্তিনগর শাখা, ঢাকা

এই একাউন্টে বিদেশ থেকে টাকা পাঠানো যাবে না।

মোবাইল ব্যাংকিং- বিকাশ

আমাদের বিকাশ মার্চেন্ট একাউন্ট নম্বর- **০১৭২৯৩৮৪২৫৭**। এই নম্বরে টাকা পাঠাতে বিকাশ মেনুর "পেমেন্ট অপশন" ব্যবহার করুন। ট্রান্সফারের পর দয়া করে ট্রানজেকশন আইডিটি আমাদের জানান।

অনলাইন পেমেন্ট

অনলাইনে ভিসা বা মাস্টারকার্ডের মাধ্যমে দান করতে ভিজিট করুন- **www.thals.org/zakat**

নগদ দান

নগদ টাকা দান করতে শান্তিনগরস্থ আমাদের হাসপাতালে আসলে আমরা খুশি হব। আপনি আমাদের কার্যক্রম দেখার পাশাপাশি আমাদের রোগীদের সাথেও কথা বলতে পারবেন।

আপনি চাইলে আমাদের একজন কর্মী আপনার সুবিধামত স্থান থেকে নগদ বা চেক সংগ্রহ করবে।

"আমার বাবা দিনমজুরের কাজ করে। আমার জন্য ঔষধ সবসময় কিনতে পারে না। আমি যাকাত ফান্ড থেকে বেড ভাড়া ফ্রি পাই।"

-জুবায়ের হোসেন, রোগী

"আমার স্বামী অসুস্থ, তেমন একটা কাজ করতে পারে না। আমি মানুষের বাসায় কাজ করে যা পাই তাতে সংসার চলে না।

মেয়ের চিকিৎসা করতে পারি না। যাকাত ফান্ডের টাকায় কোনমতে চিকিৎসা চালাই।"

-আকলিমা, রোগীর মা

রেজিস্ট্রেশন ফরম

নামঃ .....

মোবাইলঃ .....

ইমেইলঃ .....

ঠিকানাঃ .....

.....

.....

রোগী আইডি (যদি থাকে)ঃ .....

অনুদানের প্রতিশ্রুতি

☐ আমি যাকাত দান করতে চাই

পরিমাণ- [ ] টাকা

☐ আমি একজন রোগীর চিকিৎসা স্পন্সর করতে চাই

এককালীন- [ ] টাকা

অথবা

মাসিক- [ ] টাকা

স্বাক্ষর

থ্যালাসিমিয়া
ফাউন্ডেশন হাসপাতাল

৩০ চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা-১২১৭
ফোন: ০২ ৮৩৩২৪৮১, ০২ ৪৮৩১৬১১৬
ওয়েব: www.thals.org, ইমেইল: info@thals.org